



তথ্যবিবরণী

নম্বর-২৫১

একটি সুন্দর পৃথিবী গঠনের জন্য রবীন্দ্রনাথের জন্ম

- পরিকল্পনা প্রতিমন্ত্রী

রাজশাহী; ২৫ বৈশাখ (০৮ মে):

পরিকল্পনা প্রতিমন্ত্রী এ্যাডভোকেট শহিদুজ্জামান সরকার, এম পি বলেছেন, কোনো দেশ বা ভূমির জন্য রবীন্দ্রনাথের জন্ম হয়নি; একটি সুন্দর পৃথিবী গঠনের জন্য তাঁর জন্ম। সুন্দর পৃথিবী এবং আধুনিক, সভ্য, শিক্ষিত ও সমাজের কুসংস্কার দূর করার জন্যই তার লেখনী।

আজ (৮ মে) সন্ধ্যায় নওগাঁর পতিসর কাচারি বাড়ির দেবেন্দ্র মঞ্চের বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৩তম জন্ম বার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সহযোগিতায় নওগাঁ জেলা প্রশাসন এ অনুষ্ঠান আয়োজন করে।

প্রতিমন্ত্রী বলেন, মানুষের কল্যাণ ও প্রেরণা সৃষ্টির জন্য সাহিত্য রচনা করে মানুষের মন ও মননের বিকাশ সাধন করতে হয়। রবীন্দ্র চর্চার মাধ্যমে আমরা আমাদের মন ও মননের বিকাশ ঘটাতে পারি এবং পূর্ণ মানবিক গুণ অর্জন করতে পারি। রবীন্দ্রনাথের লেখনীর বিস্তারিত গবেষণার মাধ্যমে শেখ মুজিব যেই লক্ষ্য পূরণ করতে চেয়েছিলেন তার বাকি কাজ শেখ হাসিনা করে যাচ্ছেন।

মহান নেত্রী শেখ হাসিনার লক্ষ্য স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ করার জন্য রবীন্দ্রনাথ চর্চা করতে হবে উল্লেখ করে শহিদুজ্জামান সরকার বলেন, তাঁর লেখনী থেকে অনুপ্রাণিত হয়ে বর্তমান স্মার্ট বাংলাদেশের মূল ভিত্তি গঠন করা হয়েছে। এখন সেই ভিত্তি পূর্ণ করার দায়িত্ব সকল বাঙালির।

রবীন্দ্র চর্চার মাধ্যমে বঙ্গবন্ধুর সোনার বাংলা গঠন করার লক্ষ্যে এগিয়ে যেতে তিনি অক্ষর জ্ঞান সম্পন্ন মানুষদের আহ্বান জানান।

অতিরিক্ত জেলা প্রশাসক মো. সোহেল রানার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নওগাঁ-৬ (রানীনগর- আত্রাই) আসনের সংসদ সদস্য এ্যাডভোকেট মো: ওমর ফারুক, নওগাঁ-৩ (মহাদেবপুর- বদলগাছি) আসনের সংসদ সদস্য সৌরেন্দ্রনাথ চক্রবর্তী, নওগাঁ-৪ (মান্দা) আসনের সংসদ সদস্য এস, এম, ব্রহ্মাণী সুলতান মামুদ এবং অতিরিক্ত পুলিশ সুপার ফৌজিয়া হাবিব খান।

আলোচনা সভায় প্রধান আলোচক ছিলেন রাজশাহী কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ রবীন্দ্র বিশেষজ্ঞ প্রফেসর ড. মো: আশরাফুল ইসলাম। এছাড়া আলোচক হিসেবে নওগাঁ সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর শরীফুল ইসলাম খান, নওগাঁ সরকারি কলেজের অর্থনীতি বিভাগের অধ্যাপক প্রফেসর এস এম মোজাফফর হোসেন বক্তৃতা করেন।

তৌহিদ/আতিক/হালিম/সাইদুর/২০২৪/২১.০০ঘ.